



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ২০২০



২৬ জানুয়ারি ২০২০- রবিবার পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, আই.ই.আর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ২০২০ স্কুলের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, আই.ই.আর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্কুল সুপারভিশন কমিটির সদস্য ও একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহযোগী অধ্যাপক জনাব কাজী মোঃ নাসির উদ্দীন এবং রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান। এসময় প্রতিষ্ঠানটির গভর্নিং বডির অন্যান্য সদস্যবৃন্দ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী পরীক্ষার্থী, অভিভাবকবৃন্দ এবং বিদ্যালয়ের অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।